## বার্ড ফ্লু পরিস্থিতিতেও রান্না করা মুরগির মাংস ও পূর্ণসিদ্ধ ডিম খাওয়া নিরাপদ।

### তবে অতিরিক্ত নিরাপত্তার জন্য নিম্নরূপ সাবধানতা অবলম্বন করুন ঃ

- সুস্থ ও তাজা দেখে মুরগি কিনুন।
- হাঁস-মুরগি বা ডিম ধরার পরে সাবান দিয়ে হাত ভালোভাবে ধুয়ে নিন।
- ডিম কেনার পর সাবান বা ডিটারজেন্ট পানিতে ভালোভাবে ধুয়ে পরিস্কার করে নিন।
- হাঁস-মুরগি দেখাশোনা করার সময় মাস্ক না থাকলে কাপড় দিয়ে মুখ ঢেকে নিন।
- হাঁস-মুরগি বা অন্যান্য পাখি ধরা, ছোঁয়া ও সেগুলো নিয়ে খেলাধুলা করা থেকে শিশুদের বিরত রাখুন।
- হাঁস-মুরগি বা অন্যান্য পাখি ধরাছোঁয়ার পর যদি কেউ জ্বর, সর্দি, কাশি জাতীয় রোগে ভোগেন তবে অবশ্যই ডাক্তারের পরামর্শ নিন।
- হাতে গ্লাভস পরে বা পলিথিন পেঁচিয়ে মৃত হাঁস-মুরগি এবং পাখি ধরুন এবং পলিথিনে ভরে মাটিতে পুঁতে ফেলুন। পরে হাতমুখ সাবান পানি দিয়ে ধুয়ে ফেলুন।
- অস্বাভাবিকভাবে হাঁস-মুরগি, কাক বা অন্য কোন পাখি মারা গেলে স্থানীয় প্রশাসন/জনপ্রতিনিধি, উপজেলা পশুসম্পদ অফিস বা জেলা পশু হাসপাতালে দ্রুত জানান।
- হাঁস-মুরগি বা পশুপাখি দেখাশোনা করা, জবাই করা, পালক ছড়ানো বা কাটাকাটি করার পর হাত না ধুয়ে চোখ, নাক বা মুখে হাত লাগাবেন না।
- বার্ড ফ্লু ছড়িয়ে পড়েছে এমন এলাকা থেকে বিক্রির জন্য হাঁস-মুরগি, ডিম ও অন্যান্য পাখি এবং পশুখাদ্য আনা বন্ধ করুন।
- আক্রান্ত এলাকার হাঁস-মুরগি বা অন্যান্য পাখির লিটার কোনো অবস্থাতেই জমির সার বা মাছের খাদ্য হিসেবে ব্যবহার করবেন না।
- অতিথি পাখি ধরা ও বিক্রয় পরিহার করুন।
- গুজবে কান দেবেন না এবং যে কোন পরিস্থিতিতে পশুসম্পদ অধিদপ্তরের স্থানীয় অফিসে যোগাযোগ করুন।

**এভিয়ান ইনফ্লুয়েঞ্জা প্রিপেয়ার্ডনেস এন্ড রেসপন্স প্রজেক্ট**
**পশুসম্পদ অধিদপ্তর**

ডিএফপি-৭-২০/২/০৮
জি-০১

## আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে
## ভাষা শহীদদের অমর স্মৃতির প্রতি আমাদের গভীর শ্রদ্ধাঞ্জলি

কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে আধুনিক ও লাগসই প্রযুক্তি এবং প্রয়োজনীয় তথ্যাদি মাতৃভাষায় বাংলার ঘরে ঘরে পৌছে দেয়াই

### আমাদের তথ্য সেবার লক্ষ্য

এ লক্ষ্য অর্জনে আমাদের সঙ্গে আপনিও অংশীদার হোন–



**গুটি ইউরিয়া ব্যবহার করুন অধিক ফলন ঘরে তুলুন**



**গুটি ইউরিয়া ব্যবহারের সুবিধা ঃ**

- গুটি ইউরিয়া সাধারণ ইউরিয়ার মতো তিনবারে না দিয়ে একবারে দিলেও চলে
- এতে কম খরচ, বেশি ফলন, বেশি লাভ
- বিঘাপ্রতি ২০৪ কেজি পর্যন্ত ফলন বেশি হয়
- ৩৫% ইউরিয়া সার কম লাগে
- বারবার ইউরিয়া প্রয়োগের ঝামেলা নেই
- মাটিতে উপকারী অনুজীবের কার্যকারিতা বাড়ে
- ভরা মৌসুমে সার সঙ্কটের দুশ্চিন্তা থাকে না

**গুটি ইউরিয়া প্রয়োগ পদ্ধতি ঃ**

- আউশ ও আমনের জমিতে প্রতি চার গুছির মাঝে ২টি করে গুটি এবং বোরো ধানের জমিতে ৩টি করে গুটি অথবা ১টি মেগাগুটি কাদার ৩-৪ ইঞ্চি নিচে পুঁতে দিতে হবে।
- জমিতে কাদা বা পানি থাকা অবস্থায় গুটি ইউরিয়া প্রয়োগ করা উচিত।
- বিঘাপ্রতি আউশ ও আমনে ১৫ কেজি এবং বোরো ধানে ২২ কেজি গুটি ইউরিয়া প্রয়োজন হয়।
- গুটি ইউরিয়া প্রয়োগের পর জমিতে প্রয়োজনীয় পানি রাখতে হবে যাতে জমির মাটি শুকিয়ে ফেটে না যায়।

### কৃষির আধুনিক প্রযুক্তি সম্পর্কে জানতে –


মাসিক কৃষিকথা পড়ুন। কৃষিকথা'র গ্রাহক হোন। গ্রাহক চাঁদা বার্ষিক ডাক খরচসহ মাত্র ৪০.০০ টাকা। গ্রাহক হবার ঠিকানাঃ পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫। কৃষিকথায় কৃষি বিষয়ক মানসম্মত লেখা দিন।





বাংলাদেশ বেতারের জাতীয় অনুষ্ঠান 'দেশ আমার মাটি আমার' প্রতিদিন সন্ধ্যে ৭-০৫ মিনিটে শুনুন। এছাড়া প্রতিদিন সকাল, বিকেল ও সন্ধ্যায় প্রচারিত আঞ্চলিক অনুষ্ঠানসমূহ নিয়মিত শুনুন এবং কৃষির আধুনিক ও লাগসই প্রযুক্তি সম্পর্কে ধারণা নিন।

বাংলাদেশ টেলিভিশনের কৃষি বিষয়ক জাতীয় অনুষ্ঠান 'মাটি ও মানুষ' প্রতি বুধবার সন্ধ্যে ৭ টায় ও রবিবার সন্ধ্যে ৭-০৫ মিনিটে এবং প্রতি শনি ও মঙ্গলবার দুপুর ১-৩০ মিনিটে দেখুন। এছাড়া প্রতি সোমবার রাত ৮-৩৫ মিনিটে কৃষি বিষয়ক বিশেষ অনুষ্ঠান 'কৃষি দিবানিশি' দেখুন।





কৃষি তথ্য সার্ভিস-এর ভ্রাম্যমাণ চলচ্চিত্র ইউনিটের মাধ্যমে গ্রাম বাংলায় প্রচারিত কৃষি বিষয়ক প্রামাণ্য চলচ্চিত্র নিজে দেখুন, অন্যকে দেখতে উৎসাহিত করুন। বিনোদনের মাধ্যমে কৃষি প্রযুক্তি গ্রহণ করুন।

**কৃষি তথ্য সার্ভিস**
**কৃষি মন্ত্রণালয়**

Dfp-9-20/2/08 G-02

**নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম (১ম পর্ব)**
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


স্মারক নং- মশিবিম/নানিপ্রমাসেপ্র/ তারিখ ঃ


- ☐ বাংলাদেশ ও ডেনমার্ক সরকারের যৌথ উদ্যোগে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীনে দেশব্যাপী নারী নির্যাতন রোধে "নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম" বাস্তবায়িত হচ্ছে।
- ☐ প্রোগ্রামটির আওতায় বাংলাদেশের ছয়টি বিভাগীয় মেডিকেল কলেজ হাসপাতালে ছয়টি ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার (ওসিসি) স্থাপন করা হয়েছে। এবং ঢাকা মেডিকেল কলেজে দেশের প্রথম ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী স্থাপিত হয়েছে।
- ☐ এছাড়া ডিএনএ পরীক্ষার সুবিধা দেশব্যাপী ছড়িয়ে দেওয়ার লক্ষ্যে ৫টি বিভাগীয় মেডিকেল কলেজ হাসপাতালে ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরী স্থাপন করা হয়েছে।
- ☐ ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, বরিশাল ও খুলনাতে অবস্থিত ওসিসি হতে নিম্নোক্ত সেবাসমূহ প্রদান করা হয়ঃ
  - স্বাস্থ্যসেবা
  - পুলিশী ও আইনী সহায়তা
  - আশ্রয়সেবা ও সামাজিক পুনর্বাসন
  - মেডিকো-লিগ্যাল পরীক্ষাসমূহ
- ☐ ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী পুলিশ কর্তৃক রেজিস্ট্রিকৃত অথবা আদালত কর্তৃক নির্দেশিত কেসের ডিএনএ পরীক্ষা করে, যার মাধ্যমে নিম্নোক্ত সুবিধাসমূহ পাওয়া যায়ঃ
  - ধর্ষণ, হত্যা প্রভৃতি জঘন্যতম অপরাধের অপরাধী সনাক্তকরণ
  - পিতৃত্ব অথবা মাতৃত্ব নির্ণয়
  - বিচ্ছিন্ন অথবা বিকৃত মৃতদেহ সনাক্তকরণ


**প্রকল্প বাস্তবায়ন ইউনিট**
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা- ১০০০, ফোন ঃ ৮৩২১০৪১ বা ৯৩৫২৪৫০, ফোন/ফ্যাক্স ঃ ৯৩৪২৪২৪, মোবাইল ঃ ০১১৯৯৮১০৪৩৪
ই-মেইল ঃ mspvaw@yahoo.com ওয়েবসাইট ঃ www.mspvaw.org


Dfp-8-20/2/08 G-06

# ডায়রিয়া, আমাশয়, জন্ডিস ও কৃমি
## প্রতিরোধে
## অভ্যাস করুন-সুস্থ থাকুন




**স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

Dfp-6-20/2/08 G-05